




মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী কর্তৃক সুতিয়া সেতু উদ্বোধন



মাননীয় সেনাবাহিনী প্রধান কর্তৃক প্রকল্প এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্মুখে নির্মিত ফুটওভার ব্রিজ ও পার্ক



## ৪-লেনে উন্নীত জয়দেবপুর-ময়মনসিংহ জাতীয় মহাসড়ক

# শুভ উদ্বোধন

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ  
০২ জুলাই ২০১৬ খ্রিষ্টাব্দ

এসডব্লিউও-পশ্চিম, বাংলাদেশ সেনাবাহিনী  
সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

## প্রকল্পের পটভূমি

দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য উন্নত যোগাযোগ অবকাঠামো অপরিহার্য। বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের সাথে রাজধানী ঢাকার সংযোগকারী জয়দেবপুর-ময়মনসিংহ মহাসড়ক দেশের অন্যতম একটি জাতীয় মহাসড়ক। বাংলাদেশের শিল্পাঞ্চল সমৃদ্ধ গাজীপুর এবং কৃষিজাত পণ্যের ভারখ্যাত বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের জনসাধারণের অর্থনৈতিক এবং সামাজিক অবস্থার উন্নয়নের ক্ষেত্রে ৪-লেনে উন্নীত জয়দেবপুর-ময়মনসিংহ জাতীয় মহাসড়কটির ভূমিকা অপরিসীম। সাধারণ মানুষের চলাচল ও পণ্য পরিবহন সুবিধার কথা বিবেচনা করে জয়দেবপুর হতে ময়মনসিংহ পর্যন্ত ৮৭.১৮ কিলোমিটার মহাসড়কাংশ ২-লেন হতে ৪-লেনে উন্নীত করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটি বাস্তবানের ফলে ৪-লেনে উন্নীত এ মহাসড়ক ব্যবহার করে পূর্বের তুলনায় মানুষ দ্রুত, স্বাচ্ছন্দ্যে ও আরামদায়ক পরিবেশে ঢাকা হতে ময়মনসিংহ যাতায়াত করতে পারছেন।

প্রশস্ত মিডিয়ানসহ ৪-লেনে উন্নীত এ জাতীয় মহাসড়কে যাতায়াত ও পণ্য পরিবহন নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে ৯০০ মিটার ফ্লাইওভার, ৫৫০ মিটার রেলওয়ে ওভারপাস, ৪২৯ মিটার সেতু, কালভার্ট, ফুটওভার ব্রিজ এবং বাজার এলাকা ও গ্রোথ সেন্টার-এ কনক্রিট পেভমেন্ট নির্মাণ করা হয়েছে। এছাড়া পরিবেশের ভারসাম্য ও মহাসড়ক নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে মহাসড়কের পাশে ও মিডিয়ানে বৃক্ষের চারা রোপণ করা হয়েছে। রোপিত বৃক্ষের চারার পরিচর্যা চলমান রয়েছে।

## উল্লেখযোগ্য কার্যক্রম

- ০৮ জুন ২০১০ তারিখে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়।
- ০১ ফেব্রুয়ারি ২০১১ তারিখে নির্মাণ কাজ শুরু হয়।
- ২৩ ডিসেম্বর ২০১২ তারিখে বাংলাদেশ সেনাবাহিনীর এসডব্লিউও-পশ্চিম প্রকল্প বাস্তবায়ন কাজে সম্পৃক্ত হয়।
- ১০ মে ২০১৪ তারিখে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী খীর নদীর উপর ১৬৬ মিটার দীর্ঘ ভালুকা ব্রিজ উদ্বোধন করেন।
- ১০ মে ২০১৪ তারিখে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী খীর নদীর উপর ১২৬ মিটার দীর্ঘ খীর ব্রিজ উদ্বোধন করেন।
- ৩১ জানুয়ারি ২০১৪ তারিখে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী সুতিয়া নদীর উপর ৬০ মিটার দীর্ঘ সুতিয়া ব্রিজ উদ্বোধন করেন।
- ১১ এপ্রিল ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ৯০০ মিটার দীর্ঘ মাওনা ফ্লাইওভার উদ্বোধন করেন।



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মাওনা ফ্লাইওভার উদ্বোধন



মাওনা ফ্লাইওভার



মিডিয়ানসহ ৪-লেনে উন্নীত জয়দেবপুর-ময়মনসিংহ মহাসড়ক

## প্রকল্পের বিবরণ

প্রকল্পের নাম	: জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্প
প্রকল্প বাস্তবায়নকারী	: সড়ক ও জনপথ অধিদপ্তর এসডব্লিউও-পশ্চিম, বাংলাদেশ সেনাবাহিনী
বিভাগ	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
প্রকল্পের মেয়াদ	: জুন ২০১০ হতে জুন ২০১৭ পর্যন্ত
প্রকল্প ব্যয়	: ১৮১৫.১২ কোটি টাকা
প্রকল্পের অর্থায়ন	: বাংলাদেশ সরকার
মহাসড়কের দৈর্ঘ্য	: ৮৭.১৮ কিলোমিটার
অবস্থান	: জয়দেবপুর চৌরাস্তা হতে ময়মনসিংহ মেডিকেল কলেজ মোড় পর্যন্ত
প্যাকেজ সংখ্যা	: ০৪টি <ul style="list-style-type: none"> <li>• এসডব্লিউও-পশ্চিম কর্তৃক সম্পন্ন প্যাকেজ ১, ২ ও ৩ (আংশিক)</li> <li>• সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক সম্পন্ন প্যাকেজ ৩ (আংশিক) ও ৪</li> </ul>
ভূমি অধিগ্রহণ	: ২১.৪০ একর
সেতু	: ০৫টি [ভালুকা, বানার, খীর, সুতিয়া ও পাগাড়িয়া]
ফ্লাইওভার	: ০১টি [মাওনা ফ্লাইওভার]
রেলওয়ে ওভারপাস	: ০১টি [সালনা]
ফুটওভার ব্রিজ	: ০৪টি [জয়দেবপুর, ভালুকা, ত্রিশাল ও ময়মনসিংহ]
বস্ত্র কালভার্ট	: ১৫৫টি <ul style="list-style-type: none"> <li>• ১১৬টি নতুন</li> <li>• ৩৯টি সংস্কার ও সম্প্রসারণ</li> </ul>
কনক্রিট পেভমেন্ট	: ৩৪২৫ মিটার